# পঞ্চম উপজেলা পরিষদের ৩৪ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১০ মার্চ ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা যায়নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় কোভিড -১৯ সংক্রমণের ভ্যাক্সিন ৭০ ভাগ শেষ হয়নি। এখনোও পর্যন্ত যারা ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করেনি তারা দ্রুত ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ক. যারা এখনোও ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করেন নাই তাদেরকে দ্রুত ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করতে হবে। খ. এ উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা এখনোও পর্যন্ত ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করেন নাই তারা দ্রুত ১ম ডোজ ভ্যাক্সিন গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান ,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি সভায় জানান যে, এ উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে আবারোও ভ্যাক্সিন কার্যক্রম শুরু করার জন্য সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউ/পি জানান যে, এ ইউনিয়নে অর্ন্তগত ৯ নং ওয়ার্ডে দীর্ঘদিন থেকে নির্মাণকৃত গোসাইনপুর কমিনিউটি ক্লিনিক উদ্ভোধন না হওয়ার কারণে এ এলাকার জনগণ চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছে। বিধায় এলাকার জনগণের স্বার্থে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য সভায় অনুরোধ জানান। | শুরু করতে হবে।<br>গ. এলাকার জনগণের স্বার্থে দ্রুত গোসাইনপুর কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হবে। | |
| ৬ | আইন-শৃঙ্খলা বিভাগ | সভায় জানান, এ উপজেলায় বর্ডার এলাকা দিয়ে যাতে করে কোন ধরণের মাদকদ্রব্য বা চোরাচালান জাতীয় মালামাল না আসতে পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় ।<br>সভায় সভাপতি, মটর চালানের মধ্যে এখন নতুন ভাবে সয়াবিন তৈলসহ কোন পণ্য যাতে করে সীমান্ত দিয়ে পাচার না হতে পারে সে ব্যাপারে সবাইকে সচেতন থাকতে হবে। | বর্ডার এলাকা দিয়ে যাতে করে কোন ধরণের মাদকদ্রব্য বা চোরাচালান জাতীয় মালামাল আনা বন্ধ করা ও মটর, সয়াবিন তৈল ভারতে পাচার রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) এর কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ১০ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমের বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভিন্ন ইউনিয়নে আয়োজিত হচ্ছে । গ্রীষ্মকালীন উচ্চ মূল্যের সবজি বীজ ও সার বিতরণ কর্মসূচিতে শুরু হয়েছে। বোরো ধান কর্তনকে সামনে রেখে সরকার উন্নয়ন সহায়তায় (৭০ ভাগ ভর্তুকীতে) কৃষিযন্ত্র বিতরণের কর্মসূচীতে আগ্রহী কৃষি ও কৃষি উদ্যোক্তাদের আবেদন কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, রাজস্ব বাজেটের আওতায় ৬০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ও জেলে নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে এবং ০২ টি বিল নার্সারীর জন্য রাজস্ব খাত হতে বরাদ্দ পাওয়া গেছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের মাঠ পর্যায়ে উঠান বৈঠক, টিকা প্রদান, ক্যাম্পেইন সহ বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অথবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। তিনি আরোও জানান মুজিববর্ষ উপলক্ষে ৩য় পর্যায়ে ১ম ধাপে ৫০ টি ঘরের কাজ শেষ পর্যায়ে এবং অগ্রগতির হার প্রায় ৭৫%। ৩য় পর্যায়ের ২য় ধাপে বরাদ্দ প্রাপ্ত ৩৪ টি ঘরের কাজ শুরু হযেছে এবং অগ্রগতির হার প্রায় ২০% । | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি।<br>চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউ/প জানান যে, বড়চতুল পরিবার কল্যাণ কেন্দ্রে কোন ডাক্তার না থাকায় এলাকার জনগণের চিকিৎসা সেবা নিতে খুবই সমস্যা হচ্ছে। বিধায় জরুরি ভিত্তিতে ডাক্তার পদায়নের জন্য সভায় অনুরোধ জানান। | বড়চতুল পরিবার কল্যাণ কেন্দ্রে এলাকার জনগণের চিকিৎসা সেবার স্বার্থে দ্রুত ডাক্তার পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ উপজেলার ১২৫০ জন ভিজিডি উপকারভোগী মহিলাদের মাঝে যথারীতি প্রতিমাসে ৩০ কেজি করে পুষ্টি চাল বিতরণ করা হচ্ছে। নির্বাচিত এনজিওদের মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে ৫০ জন মহিলাকে যথারীতি ২টি ট্রেডে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>মা ও শিশু সহায়তা তহবিলের মাধ্যমে গর্ভবর্তী কর্মজীবী মহিলাদের আর্থিক সহায়তা সঠিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ২০ | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী – ২০২২ মাসে ০৪(চার)টি উঠান বৈঠকে ২০০ জন মহিলাকে সেবা দেওয়ার পাশাপশি ডোর-টু-ডোরে ১০০০ জন মহিলাকে সেবা দেয়া হয়েছে। তিনি আরোও জানান, মোট ঐ মাসে ১২০০ মহিলাকে সেবা দেওয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট |
| ২১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্যমাসে সমবায় সমিতির ০৫ (পাঁচ) জন সমবায়ীকে ০৫(পাঁচ) দিনের প্রশিক্ষণের জন্য মৌলভীবাজার অবস্থিত আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটে প্রেরণ করা হয়েছে এবং তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি আরোও জানান, চলতি মাসের ১৮ তারিখ শুক্রবার সড়কের বাজার অবস্থিত সানরাইজ বহুমুখী সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নিবাচন সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ার | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ২২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম চলমান। তারই ধারাবাহিকতায় গত ০৯-০৩-২২ ইং তারিখ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অনুমোদনক্রমে ১০ জন প্রশিক্ষিত যুবদের মধ্যে ৪,৫০,০০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা যুব ঋণ অনুমোদিত হয়। তার মধ্যে ০৬ (ছয়)জন ১ম দফায়, ০৩(তিন) জন ২য় দফায় ও ০১ জন ৩য় দফায় মোট ১০ জনের যুবঋণ মঞ্জুরীত হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের কাজ বাস্তবায়ন প্রায় শেষ পর্যায়ে। হাওড় অঞ্চলে পানি সরবরাহ এবং মানব সম্পদ উন্নয়নে পানি সরবরাহ প্রকল্পের প্রাপ্ত বরাদ্দ বিভাজন ও যাচাই-বাছাই করনের জন্য একটি ওয়াসান কমিটির সভা করা প্রয়োজন বলে সভাকে অনুরোধ জানান । | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২৪ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, চলতি আমন সংগ্রহ ২০২১-২২ মৌসুমে সিদ্ধ চাল সংগ্রহের চাহিদা ১০৩৫ মেঃটন, এ পর্যন্ত সিদ্ধ চাল সংগ্রহ হয়েছে ৯২৫ মেঃটন এবং ধান সংগ্রহের চাহিদা ৭১২ মেঃটন। এ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ১৮৩ মেঃটন । খাদ্য –বান্ধব কর্মসূচী আরম্ভ হয়েছে মাচ-২০২২ হতে এপ্রিল-২০২২ সংশ্লিষ্ট ইউনিয়নে ডিলারদের মাধ্যমে নিধারিত কাডধারীরা ১০/- হারে ৩০ কেজি চাল পাবে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান, বেসরকারী ধান, চালের মজুদ যাচাইকরণ এবং ব্যবসায়ীদেরকে লাইসেন্সের আওতাধীন অর্ন্তভূক্ত করার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি-২০২২ মাসে মোট ঋণ আদায় হয়েছে ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা এবং | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ হয়েছে ২৯.৬৫ (উনত্রিশ লক্ষ পঁয়ষট্টি হাজার ) টাকা এবং আদায়ের হার ৩৮%। | | |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০১ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২ টি এবং ১৮৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, উপজেলা বন বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৯ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে, অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৩০ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) স্বাস্থ্যবিধির নিয়ম মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩১ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি ও সুইপারের বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাঙ্গিক ব্যয় (ঙ) উপজেলা পরিষদ জামে মসজিদের সেফটি | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | - ২ ভবনের (পুরাতন প্রশাসনিক ভবন) নীচ তলার পূর্ব পার্শ্ব রংকরণ ও বৈদ্যুতিক কাজের ব্যয়; (ছ) উপজেলা পরিষদ কার্যালয়ে আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৮২(৩৬)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮ / ১০ মার্চ ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ----------------------------- ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব------------------------------------ কানাইঘাট, সিলেট

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো ঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো ঃ জসিম উদ্দিন | প্রতিনিধি,উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব দিলিপ কান্ত নাথ | প্রতিনিধি,অফিসার ইনচার্জ,কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ আবু হানিফ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব সাখাওয়াৎ হোসেন | প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব সুমিত্র কর্মকার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব জি .এম.সেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মুর্শিদা বেগম | প্রতিনিধি উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব পনিরুজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব নাভানা গুলসান | উপজেলা তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট, সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট |